# বিশ্বাসের পিতা আব্রাহাম

যারা শিশুদের শিক্ষা দেন, তাদের অবশ্যই অধ্যয়ণ Flb পাঠ করা উচিৎ।

**প্রার্থনা ঃ** ‘‘প্রিয় স্বর্গীয় পিতা, আব্রাহামের মত বিশ্বাসে বৃদ্ধি হতে আমার লোকদের সাহায্য করতে এই অধ্যয়ণটিকে ব্যবহার কর, যাতে তারা তোমার বাক্য শ্রবণ করে এবং পালন করে, তারা যেন শ্রোতামাত্র না হয়। আমরা যা কিছু বিশ্বাস করি তা পালন করতে আমাদের সাহায্য কর। যীশুর নামে, আমেন।’’

১. **প্রার্থনা এবং ঈশ্বরের বাক্য দ্বারা আপনার হৃদয় এবং মনকে প্রস্তুত করুন।**

মুখস্থ পদ ঃ যাকোব ১ঃ২২

আব্রাহামের কাছ থেকে শিখুন

- পৌল বলেছিলেন, আব্রাহাম আমাদের বিশ্বাসের উদাহরণ, গালাতীয় ৩ঃ৬-৯।

আমাদের মত আব্রাহামেরও দূর্বলতা ছিল এবং তিনিও ভুল করেছিলেন। যাইহোক, ঈশ্বর যখন তার কাছে প্রতিজ্ঞা করেছিলেন যে তিনি তার বংশধরকে আকাশের নক্ষত্রের ন্যায় বৃদ্ধি করবেন, তখন তিনি ঈশ্বরের কথা বিশ্বাস করেছিলেন। ঈশ্বর তার বিশ্বাস দেখেছিলেন এবং তাকে ধার্মিক ঘোষনা করেছিলেন, আদি ১৫ঃ১-৬ পদ। আসুন আমরাও ঈশ্বরের প্রতীজ্ঞায় বিশ্বাস করি এবং আব্রাহামের মত বিশ্বাসে হাজার হাজার অবিশ্বাসীদের আব্রাহামের আত্মিক সন্তান হতে সাহায্য করার মাধ্যমে আমাদের ভূমিকা পালন করি।

আদি পুস্তকে খুঁজে দেখুন ...

- ১২ঃ২-৩ পদে, ঈশ্বর আব্রাহামের কাছে কি প্রতিজ্ঞা করেছিলেন (আব্রাহামের নাম পরিবর্তিতহওয়ার পূর্বে ১৭ঃ৫)।
- ১৫ঃ১-৬ পদে, আব্রাহাম কি বিশ্বাস করেছিলেন, যার জন্য ঈশ্বর তাকে ধার্মিক গণনা করেছিলেন।
- ১৫ঃ৭-২১ পদে, ঈশ্বর কিভাবে আব্রাহামের কাছে তার প্রতিজ্ঞার বিষয়টি নিশ্চয়তা প্রদান করেছিলেন। ইহা কি কেবল আব্রাহামের বলিদানের এবং পাপীদের দূরে রাখার প্রচেষ্টা ছিল যা ইহা সুনিশ্চিত করেছিল? (উত্তর ঃ সবই ঈশ্বরের নিয়ন্ত্রনে ছিল।)
- ১৬ঃ১-১৬ পদে, আব্রাহাম নিজের চেষ্টায় ঈশ্বরের প্রতিজ্ঞা পূরণ করার চেষ্টা করেছিলেন।
- ১৮ঃ১-১৯ ২৯ পদে, আব্রাহামের বিশ্বাস তার ভাইপো লোট এবং তার কন্যাদের রক্ষা করেছিল।
- ২২ঃ১-১৮ পদে, ঈশ্বর কিভাবে আব্রাহামের বিশ্বাসের পরীক্ষা করেছিলেন এবং আব্রাহাম যেহেতু ঈশ্বরের ওপর আস্থা রেখেছিলেন, সেহেতু ঈশ্বর (সমস্ত বিশ্বাসীদের প্রতি) কি প্রতিজ্ঞা করেছিলেন।



ঈশ্বর কিভাবে আমাদের কাছে বিশ্বাস আনে? কয়েক মূহুর্ত চিন্তা করুন কোথা থেকে আপনার বিশ্বাস এসেছে। বন্ধুদের সাক্ষ্য থেকে? বাক্য দ্বারা? একটি স্বপ্ন অথবা দর্শনের দ্বারা? পবিত্র আত্মার নীরব আশ্বাসের মাধ্যমে? প্রার্থনার মাধ্যমে? যীশুর নামে কোন আশ্চর্য আরোগ্যের মাধ্যমে?

**২. সপ্তাহব্যাপী যে সকল কার্যকলাপ করতে হবে সে বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

যদি কোন বিশ্বাসী বিশ্বাসের দূর্বলতার জন্য সংগ্রাম করছেন, তবে তার কাছে যান এবং তাদেরকে আব্রাহামের বিষয় বলুন এবং আপনি কেন বিশ্বাস করেন সেই বিষয়ে আপনার নিজস্ব সাক্ষ্য দিন।

অভাবী প্রতিবাসীদের ব্যবহারিকভাবে সেবার দ্বারা আপনার ঈশ্বর দত্ত বিশ্বাসের ব্যাখ্যা প্রদর্শন করুন।

যারা বিশ্বাসের দূর্বলতায় ভুগছেন, তাদের জন্য প্রার্থনা করুন।

আপনি ভাগ ৩ এর অন্তর্ভূক্ত কয়েকটি আরাধনা কার্যকলাপ তাদের গৃহে করার দ্বারা তাদেরকে উৎসাহিত করতে পারেন।

**৩. আগামী আরাধনার সময়ের জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন**

বিশ্বাসীদের প্রয়োজন এবং স্থানীয় প্রথার সঙ্গে মানানসই কার্যকলাপ বাছুন।

আব্রাহামের গল্পের কয়েকটি অংশের নাট্যরূপ দিন।

নিম্নলিখিত সত্যগুলো ব্যাখ্যা করুন ঃ

- ঈশ্বর আব্রাহামকে তাঁর আত্মীয়দের ত্যাগ করে বিদেশে যেতে বলেছিলেন। বিশ্বাসে তিনি বাধ্য হয়েছিলেন। তিনি তাঁর স্ত্রী এবং পরিচারকদের নিয়ে শতশত কিলোমিটার পথ যাত্রা করেছিলেন।
- দেশে ঈশ্বর পুনরায় ঈশ্বরের সঙ্গে কথা বলেছিলেন এবং আব্রাহামের কাছে বহু বংশের বিষয় প্রতিজ্ঞা করেছিলেন। আব্রাহাম ঈশ্বরের প্রতিজ্ঞায় বিশ্বাস করেছিলেন এবং ঈশ্বর সেই বিশ্বাসকে ধার্মিকতারূপে গণ্য করেছিলেন।
- ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে তিনি আব্রাহামের বংশধরদের মাধ্যমে সমুদয় জাতিকে আশীর্ব্বাদ করবেন।
- আব্রাহাম বুঝতে পারছিলেন না কিভাবে এই প্রতিজ্ঞাগুলো সম্পুর্ণ হবে, কারণ তাঁর উত্তরাধিকারী হবার মত তাঁর কোন সন্তান ছিল না।
- তারপর ঈশ্বর আব্রাহামকে একটি বলি উৎসর্গ প্রস্তুত করতে বলেছিলেন। মানুযের সঙ্গেঁ চুক্তি প্রতিষ্ঠার জন্য সর্বদা ঈশ্বরের কাছে বলিদানের প্রায়াজন হয়। যীশু বলেছিলেন প্রভুর ভোজই হল তাঁর রক্তে আমাদের চুক্তি।
- আব্রাহম শকুনদের ভয় দেখিয়ে তাড়ানোর চেষ্টা করেছিলেন, কিন্তু তিনি ক্লান্ত হয়ে পড়েছিলেন এবং গভীর ঘুমে মগ্ন হয়েছিলেন। তিনি একটি দর্শনে দেখেছিলেন ঈশ্বর এক বলিদানের মাধ্যমে যাতায়াত করছেন, যখন তিনি কিছুই করেন নি।
- আব্রাহাম তখনও উপলব্ধি করতে পারেন নি যে কেবলমাত্র ঈশ্বরই তাঁর প্রতিজ্ঞা পূর্ণ করতে পারেন।
- পরে, আব্রাহামের স্ত্রী পরামর্শ দিয়েছিলেন যে তিনি দাসী হাগারের মাধ্যমে তাঁর বংশধর এক সন্তান লাভ করতে পারেন।
- আব্রাহামের এই মূর্খতাপূর্ণ প্রচেষ্টা অসংখ্য দূর্দশার কারণ হয়েছিল। হাগারের এক উত্তরাধিকারী পরবর্তীকালে ইসলাম ধর্মের প্রবর্তন করেছিলেন।
- ১০০ বছর বয়সে আব্রাহাম পুত্রসন্তানের প্রতিজ্ঞাটি পূরণ হতে দেখেছিলেন, যখন সারা ইসাহাকের জন্ম দিয়েছিলেন। আব্রাহামের বলিদান বা প্রচেষ্টার জন্য প্রতিজ্ঞাটি পূরণ হয় নি, কেবলমাত্র ঈশ্বরের শক্তিতেই ইহা পূর্ণ হয়েছিল।
- টীকা ঃ বিশ্বাসীরা যদি মুসলিমদের নিকটে বাস করেন, তবে তারা ব্যাখ্যা করবেন, যে আব্রাহামের দুটি পুত্র ছিল। আব্রাহামের দ্বিতীয় স্ত্রী দাসী হাগারের মাধ্যমে তাঁর প্রথম সন্তানটি জন্মগ্রহন করেছিল। তাঁর নাম ছিল ইসমায়েল, যিনি আরবজাতির কুলপতি হয়েছিলেন। ঈশ্বর আব্রাহামের কাছে প্রকাশ করেছিলেন যে ঈশ্বর তাঁর পুত্র ইসাহাক এবং যিহূদীদের মাধ্যমে পৃথিবীতে ঈশ্বরের প্রতিজ্ঞার মাধ্যমে আশীর্ব্বাদ আনবেন।
- যীশু যিহূদী বংশে জন্মেছিলেন, তিনি ছিলেন ইসাহাকের বংশধর। এইভাবে যারা যীশুকে বিশ্বাস করেন, তাদের প্রত্যেকের কাছে আব্রাহামের কাছে কৃত প্রতিজ্ঞা আশীর্ব্বাদ এনেছিল।

শিশুরা যা যা প্রস্তুত করেছে সেই বিষয়গুলো তাদের উপস্থাপন করতে দিন।

সাক্ষ্য জিজ্ঞাসা করুন

- কিভাবে ঈশ্বরের শক্তি নতুন বিশ্বাসীদের জীবন পরিবর্তিত করে?
- ঈশ্বর কিভাবে প্রার্থনার উত্তর দিয়েছিলেন অথবা তাঁর প্রতিজ্ঞা পূরণ করেছিলেন?

প্রভুর ভোজ সম্পাদনের জন্য আদি ১৫ অধ্যায়ের ঘটনাটি স্মরণ করুন। সেখানে আব্রাহামের বলিদানের বিষয় বলা হয়েছে, যার মাধ্যমে ঈশ্বর তাঁর উপস্থিতি প্রদর্শন করেছিলেন। ব্যাখ্যা করুন যে ঈশ্বর একটি বলিদানের মাধ্যমে তাঁর প্রতিজ্ঞার বিষয়টি সুনিশ্চিত করেন। আব্রাহাম বলিদানের মাংসের কাছ থেকে শকুনদের তাড়ানোর জন্য ধাবিত হয়েছিলেন। যীশুর নীতিগল্পে পাখীরা শয়তানের প্রভাবের প্রতিনিধিত্ব করেছিল। ঈশ্বরের কাছে বলিদানের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঈশ্বরকে সন্মানিত করার জন্য আমরা বলিদানের বিষয়টি শ্রদ্ধা করি। প্রভুর ভোজ গ্রহনের পূর্বে আমরা আমাদের পাপসমূহ স্বীকার করি, আমরা যখন খ্রীষ্টের দেহে অংশগ্রহন করি, তখন আমরা 'শয়তানের পাখীদের' তাড়িয়ে দিই।

**কবিতা ঃ** ''বিশ্বাসের শত্রু''। (আপনি যদি কবিতাটি অনুবাদ করেন, তবে ছন্দ বজায় রাখান প্রয়োজন নেই)।

করে চীৎকার ক্ষুধার্ত ড্রাগন,
অধিক মানব চায় নরক গমন!''
নরককে সে দেখায় সাধারণ
দুষ্টতা কত মানুষ করছে ধারন।
সত্য সে করে ঘৃনা, তবু স্বীকার করে,
মানুষ কোন অর্ধেকও না জানে
মোদের প্রতারনায় পূর্ণ হয় মূর্খতা আর
যদি তারা না চায় খেতে মিথ্যাচার!''

পরস্পরকে পরামর্শ দানও পরস্পরের জন্য প্রার্থনা ও পরিকল্পনা নিশ্চিত করার জন্য দু-তিন জনের ছোট ছোট দল তৈরী করুন।

**মুখস্থ পদ ঃ** ইফিষীয় ২ঃ৮-১০ পদ।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net